

১০৮.৫.২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা  
(সাধারণ শাখা)  
www.khulna.gov.bd

৭

স্মারক নম্বর-০৫.৪৪.৮৭০০.০২২.১৮.০৮.১৯- ৫৫৮

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ

০৬ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা।

সূত্রঃ (১) স্থানীয় সরকার বিভাগের ২৩/০৭/২০১৯ তারিখের ২২১ নম্বর স্মারক।  
(২) ০১/০৮/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মহোদয়ের ভিডিও কনফারেন্স।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্পত্তি দেশব্যাপী ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। ইতোমধ্যে ডেঙ্গু ছরে আক্রান্ত অনেক রোগী মারা গেছে। ফলে জনগণের মধ্যে ব্যাপক আতঙ্ক বিরাজ করছে। অন্যান্য জেলার মতো খুলনা জেলাতেও ডেঙ্গু ছরে আক্রান্ত রোগীর সংখ্যা প্রতিদিন বেড়েই চলেছে। অথচ, একটু সচেতন হলেই ডেঙ্গু রোগের জীবাণু বহনকারী এডিস মশার বিস্তার রোধ করা সম্ভব। এজন্য জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধি করা এবং নিজ নিজ আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা অতীব জরুরী। এ লক্ষ্যে জেলা প্রশাসন, খুলনা ইতোমধ্যে বিভিন্ন অংশজনের সাথে সচেতনতামূলক মতবিনিয়ন সভা, র্যালি এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেছেন। কিন্তু এডিস মশার বিস্তার রোধে পুরোপুরি সফলতা পেতে সকল দণ্ডের সমষ্টিক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

২। মন্ত্রিপরিষদ বিভাগের সম্বাদিত অতিরিক্ত সচিব জনাব মোঃ মোস্তাফিজুর রহমান ০১/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সে দেশব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য সমষ্টিত ক্রাশ প্রোগ্রাম পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এ লক্ষ্যে খুলনার শহীদ হাদিস পার্কে সকল দণ্ডের অংশহীনে আগামী ০৫/০৮/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় জেলাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন করা হবে।

৩। এমতাবস্থায়, খুলনা জেলার সকল সরকারি-বেসরকারি দণ্ড/প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে (রোভার-স্কাউটসদের সম্পর্কতায়) তাঁর দণ্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আগামী ০৫/০৮/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় একযোগে মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে আলোচনা সভা ও পরিচ্ছন্নতার ক্রাশ প্রোগ্রাম পরিচালনা করে সচিত্র প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত অত্র কার্যালয়ের [general.dcock@gmail.com](mailto:general.dcock@gmail.com) মেইলে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

*চেকড ০৪/০৮/২০১৯*

( মোহাম্মদ হেলাল হোসেন )

জেলা প্রশাসক

খুলনা।

ফোনঃ ০১৭১১১১১১ (অফিস)

ফ্যাক্সঃ ০১৭৩১৭৫০ (অফিস)

e-mail:-[dc@khulna.mopa.gov.bd](mailto:dc@khulna.mopa.gov.bd)

বিতরণঃ

- প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা। খুলনা সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ডে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনাসহ আগামী ০৫/০৮/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় শহীদ হাদিস পার্কে অনুষ্ঠিতব্য জেলাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার অনুরোধসহ।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা। তাঁর দণ্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনাসহ আগামী ০৫/০৮/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় শহীদ হাদিস পার্কে অনুষ্ঠিতব্য জেলাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার অনুরোধসহ।
- ..... তাঁর দণ্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনাসহ আগামী ০৫/০৮/২০১৯ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় শহীদ হাদিস পার্কে অনুষ্ঠিতব্য জেলাব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার অনুরোধসহ।
- উপজেলা নির্বাহী অফিসার, খুলনা। তাঁর উপজেলাতে একযোগে এই ক্রাশ প্রোগ্রাম বাস্তবায়নের অনুরোধসহ।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা। তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা। তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- সচিব, সমৰ্থ্য ও সংকার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, খুলনা।
- জেলা তথ্য কর্মকর্তা, খুলনা। বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য।
- সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্রাব, খুলনা। বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য।
- সম্পাদক/কমিশনার, জেলা স্কাউট, খুলনা।